# বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
## স্বাধীনতা ভবন
## ৮৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
## প্রশাসন বিভাগ
(www.bffwt.gov.bd)

বিষয়: বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ খ্রি: এর বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত নৈতিকতা কমিটির ৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব এস এম মাহাবুবুর রহমান<br>ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট |
| সভার তারিখ | : | ০৬/০২/২০২৩ খ্রি: |
| সভার সময় | : | বেলা ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | : | সভাকক্ষ (৫ম তলা), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ৮৮, মতিঝিল বা/এ, ঢাকা |
| সভায় উপস্থিতি | : | সংযোজনী-"ক" |

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভার আলোচ্যসূচি ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট-কে অনুরোধ জানান। সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিগত সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা সংযোজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভার অন্যান্য আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| আলোচ্য বিষয় | কর্মসম্পাদন সূচক (ক্রমানুসারে) আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | ১.১ শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী গত ০৬/০২/২০২৩ খ্রি; তারিখে নৈতিকতা কমিটির ৩য় ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়। সভাপতি সকল প্রকার সভা যথাসময়ে আহবানের নির্দেশনা প্রদান করেন। | নৈতিকতা কমিটির সভাসমূহ লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাসময়ে আহবান করতে হবে। | ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি/সকল বিভাগ/শাখা, বামুকট্রা। |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | ১.২ নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিকের সভায় গৃহীত সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করেন। সভার সিদ্ধান্তসমূহ যথাযথ বাস্তবায়িত না হওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। ৩য় ত্রৈমাসিকের সভায় যে সমস্ত সিদ্ধান্ত গৃহীত হবে তা অবশ্যিকভাবে বাস্তবায়ন করতে হবে এবং বাস্তবায়ন সংক্রান্ত প্রমাণক দাখিল করতে হবে। | ৩য় ত্রৈমাসিক সভায় যে সমস্ত সিদ্ধান্ত গৃহীত হবে তা অবশ্যিকভাবে বাস্তবায়ন করতে হবে এবং বাস্তবায়ন সংক্রান্ত প্রমাণক ফোকাল পয়েন্ট বরাবর দাখিল করতে হবে। | সংশ্লিষ্ট বিভাগ/শাখা/ ফোকাল পয়েন্ট, ইনোভেশন, বামুকট্রা। |
| ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা | ৩.১ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ এ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ০৪টি সভা অনুষ্ঠানের জন্য পরিকল্পনা রয়েছে। গত ৩১/০৮/২০২২ খ্রি: তারিখে ১টি, ০৯/১১/২০২২ খ্রি: তারিখে ০১টিসহ ০২টি সভা অনুষ্ঠিত হয়েছে। অবশিষ্ট ০২টি সভা নির্ধারিত সময়ের মধ্যে আয়োজন করতে হবে। | নির্ধারিত সময়ের মধ্যে অবশিষ্ট ০২টি সভা আয়োজন করতে হবে। | ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি, বামুকট্রা। |

চলমান পাতা-০২

| আলোচ্য বিষয় | কর্মসম্পাদন সূচক (ক্রমানুসারে) আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | ১.৪ শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩-এ ৮০ (আশি) জন কর্মকর্তা ও কর্মচারীদেরকে নিয়ে ০৪ টি প্রশিক্ষণের আয়োজন করার নির্দেশনা রয়েছে। সে মোতাবেক গত ০৬/০৭/২০২২ খ্রি:, ১২/১০/২০২২ খ্রি: ও ১২/০১/২০২৩ খ্রি: তারিখে মোট ০৩টি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। সভাপতি অবশিষ্ট প্রশিক্ষণ যথাসময়ে আয়োজন করার নির্দেশনা প্রদান করেন। | নির্ধারিত তারিখের মধ্যে বাকী ১টি প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি, বামুকট্রা। |
| ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/নথি বিনষ্টকরণ/পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/মহিলাদের জন্য পৃথক ওয়াসরুমের ব্যবস্থা করা ইত্যাদি | ১.৫ জনাব মোঃ খোরশেদ আলম, উপ-মহাব্যবস্থাপক (শিওবা) জানান যে, কর্মপরিবেশ উন্নয়নের জন্য পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধির অংশ হিসেবে অকেজো মালামাল বিক্রি করার নিমিত্ত গত ০৪/১২/২০২২ খ্রি: তারিখে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে এবং ইতোমধ্যে বিক্রয়াদেশ প্রদান করা হয়েছে।<br><br>অফিস কক্ষ, আঙিনা, ফ্লোর, ভবনের ছাদ, ফুলের টব পরিস্কারকরণ, ভাঙ্গা ফুলের টব ও পুরাতন ফুল গাছ অপসারণ করে নুতন টব, নতুন ফুল গাছ ও নুতন ডাস্টবিন প্রতিস্থাপন ও নিয়িমত পরিস্কার করা হচ্ছে।<br><br>এছাড়াও মহিলাদের জন্য প্রথক ওয়াসরুমের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।<br><br>সভাপতি, দ্রুততম সময়ের মধ্যে বিনষ্টযোগ্য নথি বিনষ্টকরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের উপর গুরুত্বারোপ করেন। | ১) অকেজো মালামাল বিক্রয়করণপূর্বক সংশ্লিষ্ট রেকর্ড সংরক্ষণ করতে হবে।<br><br>২) অফিস কক্ষ, আঙিনা, ফ্লোর, ভবনের ছাদ, ফুলের টব পরিস্কারকরণ, ভাঙ্গা ফুলের টব ও পুরাতন ফুল গাছ অপসারণ করে নুতন টব, নতুন ফুল গাছ ও নুতন ডাস্টবিন প্রতিস্থাপন ও নিয়িমত পরিস্কার করতে হবে<br><br>৩) বিনষ্টযোগ্য নথি বিনষ্টকরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | উপ-মহাব্যবস্থাপক (শিওবা)/সহকারী প্রধান প্রকৌশলী (সিভিল)/ব্যবস্থাপক (প্রশাসন), বামুকট্রা। |
| ১.৬ আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | ১.৬ বেসিক কর্মকর্তা (প্রশাসন) বলেন, গত ২৫/১০/২০২২খ্রি: তারিখে শুদ্ধাচার শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ থেকে নিম্নরুপ নির্দেশনা দিয়ে আদেশ জারি করা হয়েছে:<br><br>**" ১.৬ সূচকে যে সকল মন্ত্রণালয়/বিভাগের দপ্তর/সংস্থা নেই তাদেরকে শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ১.৫ সূচকে কর্মপরিবেশ উন্নয়ন সংক্রান্ত ০২টি কাজের স্থলে ০৪টি কাজ করতে হবে। নম্বর বন্টনের ক্ষেত্রে ০৪টি কাজের মধ্যে প্রতি কাজের জন্য ১.৫ মান হিসাবে মোট ৬ নম্বর প্রাপ্ত হবে"।**<br><br>সভাপতি বলেন, যেহেতু অত্র সংস্থার অন্য কোনো দপ্তর/সংস্থা নেই সেহেতু উপরিউক্ত নির্দেশনা মোতাবেক ১.৫ সূচকে নিম্নবর্ণিত ০২টি অতিরিক্ত কাজ বাস্তবায়ন করার জন্য নির্দেশনা প্রদান করেন:<br><br>(১) মহিলাদের জন্য আলাদা নামাজের জায়গা ও<br>(২) কর্মকর্তা/কর্মচারী ও সেবা প্রত্যাশী সকলের জন্য সুপেয় পানির ব্যবস্থা করা। | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক অত্র প্রতিষ্ঠানের অন্য কোনো সংস্থা না থাকায় ১.৫ সূচকে নিম্নবর্ণিত ০২টি অতিরিক্ত কাজ বাস্তবায়ন করতে হবে।<br><br>(১) মহিলাদের জন্য আলাদা নামাজের জায়গা ও<br><br>(২) কর্মকর্তা/কর্মচারী ও সেবা প্রত্যাশী সকলের জন্য সুপেয় পানির ব্যবস্থা করা। | সচিব (উপসচিব)/ উপ-মহাব্যবস্থাপক (শিওবা)/সহকারী প্রধান প্রকৌশলী (সিভিল)/ব্যবস্থাপক (প্রশাসন), বামুকট্রা। |

| আলোচ্য বিষয় | কর্মসম্পাদন সূচক (ক্রমানুসারে) আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২.১ ২০২২-২৩ অর্থবছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়- পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | ১.৬ আগামী ৩১-০৭-২০২২ খ্রি: তারিখের মধ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এ ট্রাস্টের ওয়েবসাইটে আপলোড করার নির্দেশনা থাকায় উক্ত তারিখের মধ্যেই ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। সভাপতি পরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্যক্রম সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। | ২০২২-২৩ অর্থবছরের ক্রয়-পরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। | সকল বিভাগ/শাখা বামুকট্রা |
| ২.২ অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনা যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের) | ২.২ সভাপতি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ক্রয় পরিকল্পনা যথাযথ বাস্তবায়নের নির্দেশনা প্রদান করেন। | অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী ২০২২-২৩ অর্থবছরের ক্রয়-পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | সকল বিভাগ/শাখা বামুকট্রা |
| ২.৩ বাজেট বাস্তবায়ন | ২.২ সভাপতি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক বাজেট বাস্তবায়নের নির্দেশনা প্রদান করেন। | অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী বাজেট বাস্তবায়ন করতে হবে। | পরিচালক (অর্থ)/ সকল বিভাগ/শাখা |
| ৩.১ সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ | ৩.১ সভাপতি, সরকারি বিধি-বিধান অনুযায়ী সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিত করার নির্দেশনা প্রদান করেন। | সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে। | পরিচালক (অর্থ/কল্যাণ/শিওবা/ সচিব) ও সকল বিভাগ/শাখা |
| ৩.২ সেবা সপ্তাহ চালু ও সেবা মনিটরিং | ৩.২ গত ১-৭ জানুয়ারি ২০২৩ খ্রি: তারিখে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সাথে একত্রে ট্রাস্টের সেবা সপ্তাহ পালিত হয়েছে। | আগামী সভার কার্যপত্র থেকে বিষয়টি বাদ দিতে হবে। | সচিব (উপসচিব) বামুকট্রা/নৈতিকতা কমিটি, বামুকট্রা। |
| ৩.৩ দুর্নীতি প্রতিরোধে কর্মকর্তা/ কর্মচারীদেরকে নিয়ে কর্মশালা/সেমিনারের আয়োজন | ৩.৩ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩-এ ৮০ (আশি) জন কর্মকর্তা ও কর্মচারীদেরকে নিয়ে ০৪ টি প্রশিক্ষণের আয়োজন করার নির্দেশনা রয়েছে। ইতোমধ্যে ০২টি কর্মশালা/সেমিনার অনুষ্ঠিত হয়েছে। সভাপতি মডিউল অনুযায়ী অবশিষ্ট কর্মশালা/সেমিনার যথাসময়ে আয়োজন করার নির্দেশনা প্রদান করেন। | নির্ধারিত তারিখের মধ্যে বাকী ০২টি কর্মশালা/ সেমিনার/প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি, বামুকট্রা। |
| ৩.৪ শুদ্ধাচার পুরস্কার প্রদান এবংপুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ | ১.৮ সভাপতি, যথাসময়ে শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করার জন্য নির্দেশনা প্রদান করেন। | নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে। | ইনোভেশন টিম ও ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি), বামুকট্রা |

চলমান পাতা-০৪

০২। গত ২৫/১০/২০২২খ্রি: তারিখে শুদ্ধাচার শাখা, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী কর্ম-পরিকল্পনার ১.৬ সূচক বাস্তবায়নের বিষয়ে নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| আলোচ্য বিষয় | কর্মসম্পাদন সূচক (ক্রমানুসারে) আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| " ১.২ সূচকে শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা মূল্যায়নের ক্ষেত্রে সিদ্ধান্তের গুণগতমান বিবেচনা করা হবে। নৈতিকতা কমিটির সভায় যদি শুধু কর্মপরিকল্পনার বিষয় নিয়ে আলোচনা করা হয় এবং সে অনুযায়ী সিদ্ধান্ত গৃহীত হয় সেক্ষেত্রে মূল্যায়নে অর্ধেক নম্বর-২ পাওয়া যাবে। তবে নৈতিকতা কমিটির সভায় যদি কর্ম-পরিকল্পনার বাইরে নৈতিকতা কমিটির কার্যপরিধি অনুযায়ী আলোচনা করা এবং সে অনুযায়ী সিদ্ধান্ত গৃহীত ও বাস্তবায়িত হলে পূর্ণ ০৪ (চার) নম্বর পাওয়া যাবে | বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। শুদ্ধাচার করম-পরিকল্পনার পূর্ণ ০৪ (চার) নম্বর প্রাপ্তির লক্ষ্যে কর্ম-পরিকল্পনার বাইরে নিম্নবর্ণিত ০৪ (চার) টি অতিরিক্ত কার্য বাস্তবায়ন করার বিষয়ে আলোচনা ও সুপারিশ করা হয়:<br><br>(০১) চট্টগ্রামস্থ বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম অন্তত: ০২ (দুই) বার পরিদর্শন;<br><br>(০২) গাজীপুরস্থ বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন;<br><br>(০৩) নারায়ণগঞ্জস্থ বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন;<br><br>(০৪) বীর মুক্তিযোদ্ধাদের যাচাই-বাছাই সংক্রান্ত বিষয়ে জেলা/উপজেলা পর্যায়ের মাঠ প্রশাসনের কর্মকর্তাদের সাথে সভাকরণ। | শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার ১.২ সূচকে পূর্ণ ০৪ (চার) নম্বর প্রাপ্তির লক্ষ্যে কর্ম-পরিকল্পনার বাইরে নিম্নবর্ণিত ০৪ (চার) টি অতিরিক্ত কার্য বাস্তবায়ন করতে হবে:<br><br>(০১) চট্টগ্রামস্থ বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম পরিদর্শন;<br><br>(০২) গাজীপুরস্থ বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন;<br><br>(০৩) নারায়ণগঞ্জস্থ বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন;<br><br>(০৪) বীর মুক্তিযোদ্ধাদের যাচাই-বাছাই সংক্রান্ত বিষয়ে জেলা/উপজেলা পর্যায়ের মাঠ প্রশাসনের কর্মকর্তাদের সাথে সভাকরণ। | সচিব (উপসচিব)/উপ-মহাব্যবস্থাপক (শিওবা)/উপ-মহাব্যবস্থাপক (কল্যাণ)/ব্যবস্থাপক (প্রশাসন)/সহকারী প্রধান প্রকৌশলী (সিভিল), বা,মু,ক,ট্রাস্ট। |

০৩। **সার্বিক সিদ্ধান্ত:**

বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(১) শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা-২০২২-২০২৩ এর ১.২ নং সূচকের আওতায় কর্ম-পরিকল্পনার বাইরে নিম্নবর্ণিত অতিরিক্ত ০৪ (চার) টি কাজ বাস্তবায়ন করতে হবে:

(ক) চট্টগ্রামস্থ বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম অন্তত: ০২ (দুই) বার পরিদর্শন;

(খ) গাজীপুরস্থ বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন;

(গ) নারায়ণগঞ্জস্থ বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন;

(ঘ) যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাদের যাচাই-বাছাই সংক্রান্ত বিষয়ে জেলা/উপজেলা পর্যায়ের মাঠ প্রশাসনের কর্মকর্তাদের সাথে সভাকরণ।

(২) শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা-২০২২-২০২৩ এর ১.৫ নং সূচকে (কর্মপরিবেশ উন্নয়ন) সংক্রান্ত বিষয়ে নিম্নবর্ণিত ০২ (দুই) টি অতিরিক্ত কাজ বাস্তবায়ন করতে হবে:

(১) মহিলাদের জন্য আলাদা নামাজের জায়গা প্রস্তুত ও

(২) কর্মকর্তা/কর্মচারী ও সেবা প্রত্যাশী সকলের জন্য সুপেয় পানির ব্যবস্থা করা।

০৪। অতঃপর আর কোনো আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এস এম মাহাবুবুর রহমান)
ব্যবস্থাপনা পরিচালক
ও
সভাপতি, নৈতিকতা কমিটি
ফোনঃ ২২৩৩৮১৮১৩

স্মারক নম্বর-৪৮.০১.০০০০.১০২.৩১.০০৫.২২.১১৬

তারিখ: ০১ ফাল্গুন ১৪২৯ ব: / ১৪ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি:

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। উপসচিব (হিসাব) ও ফোকাল পয়েন্ট (NIS), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা

০২। পরিচালক (শিল্প ও বাণিজ্য/অর্থ/কল্যাণ), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট

০৩। উপ-মহাব্যবস্থাপক (কল্যাণ) ও সদস্য, নৈতিকতা কমিটি, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট।

০৪। উপ-প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (অর্থ) ও সদস্য, নৈতিকতা কমিটি, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট।

০৫। ব্যবস্থাপক (প্রশাসন) ও সদস্য, নৈতিকতা কমিটি, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট।

০৬। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

০৭। সহকারী প্রধান প্রকৌশলী (সিভিল) ও সদস্য, নৈতিকতা কমিটি,বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট।

০৮। সহকারী প্রোগ্রামার (আইসিটি সেল) ও বিকল্প ফোকাল পয়েন্ট, ও সদস্য ইনোভেশন টিম, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট। **(ট্রাস্টের ওয়েবসাইটে আপলোড করার অনুরাধসহ)**

০৯। অফিস কপি/গার্ড ফাইল।

(মোঃ ফয়েজ আহমেদ খান)
ব্যবস্থাপক (প্রশাসন)
ও
সদস্য, নৈতিকতা কমিটি
বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট।